ইত্তেফাক

৩৬৭

তারিখ ২৭/১/৮২
পৃষ্ঠা

075

## প্রসঙ্গঃ বাংলা কলেজ সরকারীকরণ

গত ২৯/১২/৮১ ইং তারিখে বাংলা কলেজ সম্পর্কে প্রকাশিত পত্রের বক্তব্যের সঙ্গে আমরা মিরপুর এলাকাবাসিগণ সম্পূর্ণ একমত। বাংলা কলেজকে সরকারীকরণ করা হইলে শুধু মীরপুর এলাকার শিক্ষার্থিগণই উপকৃত হইবে না ইহার পার্শ্ববর্তী এলাকা আমীন বাজার, গুণ্ডইল্যা, চাঁদপুর ইত্যাদি এলাকার শিক্ষার্থীদেরও সুবিধা হইবে। যাহারা তুলনামূলকভাবে একটু ভাল রেজাল্ট করে তাহারা স্বভাবতঃই ভর্তি হওয়ার জন্য সরকারী কলেজগুলিতে ভিড় জমায়। কিন্তু মীরপুর এলাকায় কোন সরকারী কলেজ না থাকায় শিক্ষার্থীদের অতিরিক্ত অর্থ ও সময় নষ্ট করা ছাড়াও জীবনের ঝুঁকি লইয়া বাদুড়-ঝোলা হইয়া বাসে ঢাকা শহরের কলেজগুলিতে যাতায়াত করিতে হয়। বাংলা কলেজে কৃষি বিভাগসহ অন্যান্য বিভাগ এবং সহ-শিক্ষারত থাকায় মেয়েদেরও ইডেন কলেজ বা বদরুননেসা কলেজে ছুটাছুটি করিতে হইবে না। ইহাতে অর্থ, কষ্ট, সময় ও উদ্বেগ হ্রাস পাইবে।

তাই বাংলা কলেজকে সরকারীকরণের জন্য আমরা শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত মাননীয় প্রধানমন্ত্রী ও সংশ্লিষ্ট উচ্চপদস্থ সরকারী কর্মকর্তাদের শুভ দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মাহফুজুর রহমান, ১২/৮, সেকসন-৬, ব্লক-সি, মীরপুর ও মোঃ আলী আকবর, শহীদ সড়ক, কল্যাণপুর, ঢাকা।